



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ঠাকুরগাঁও সরকারি কলেজ, ঠাকুরগাঁও।

Phone & Fax : 8802589932064 Mobile : 01321228700, 01740416817, E-mail : thakurgaon_govt_college@yahoo.com
Website : www.tgc.edu.bd, EIIN No : 129305, College code : Education board-8250, NU-3502


বিজ্ঞপ্তি

তারিখ : ০৭/০৫/২০২৪ খ্রি.


২০২১-২০২২ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) সমমান শ্রেণীর শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রী শিক্ষা সহায়তা ট্রাস্ট উপবৃত্তি শাখা হতে আর্থিক ভাবে অসচ্ছল পরিবারের শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান করা হবে। আগ্রহী সংশ্লিষ্ট শিক্ষার্থীদের আগামী ০৮/০৫/২০২৪ তারিখ হতে ২৩/০৫/২০২৪ তারিখ পর্যন্ত রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত অনলাইনে <https://estipand.pmeat.gov.bd> সফটওয়্যারে এই লিংকে প্রবেশ করে আবেদন করতে হবে এবং আবেদন ফরমটি প্রিন্ট করে কলেজে কম্পিউটার রুমে জমা দিতে হবে।

আবেদনপত্রের শর্তাবলী :

- ১। শিক্ষার্থীকে অবশ্যই নিয়মিত ছাত্র-ছাত্রী হতে হবে এবং ক্লাসে কমপক্ষে ৭০% উপস্থিতি থাকতে হবে।
- ২। শিক্ষার্থীকে পূর্বের পরীক্ষায় প্রকাশিত ফলাফলে শতকরা ন্যূনতম ৬০ ভাগ নম্বরপ্রাপ্ত /জিপিএ ৫.০০ স্কেলে ৩.৭৫/সিজিপিএ ৪.০ স্কেলে ৩.০০ প্রাপ্ত হতে হবে।
- ৩। পিতা/মাতা/অভিভাবকের বাৎসরিক আয় ২ (দুই) লক্ষ টাকার কম হতে হবে।
- ৪। প্রজাতন্ত্রের বেসামরিক কর্মে নিয়োজিত সকল সরকারি আধাসরকারি স্বায়ত্তশাসিত দপ্তর ও সাংবিধানিক প্রতিষ্ঠানে কর্মরত 'জাতীয় বেতন স্কেল ২০১৫' অনুযায়ী ১৩ থেকে ২০ গ্রেডের সকল কর্মচারীর সন্তান উপবৃত্তি প্রাপ্তির যোগ্য বিবেচিত হবে।
- ৫। বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থী এতিম শিক্ষার্থী তৃতীয় লিঙ্গের শিক্ষার্থী ভূমিহীন পরিবারের সন্তান, বীর মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান, প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত এবং দুস্থ পরিবারের সন্তান উপবৃত্তি প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।


০৭/০৫/২৪
অধ্যক্ষ

ঠাকুরগাঁও সরকারি কলেজ
ঠাকুরগাঁও।


০৭/০৫/২০২৪